প্রতিদিন অন্ততঃ একবার বাকাশিবোর ওয়েবসাইট www.bteb.gov.bd ভিজিট করুন।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
(এইচএসসি ব্যবসায় ব্যবস্থাপনা শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
**Web site : www.bteb.gov.bd**

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৯.১৯.১৫৫ তারিখ ঃ ১৩-০১-২০১৯ খ্রিঃ

# পুনঃ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত বর্ণনা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হ'ল ।

পরীক্ষার সময়সূচি এবং পরীক্ষা কেন্দ্রের চূড়ান্ত তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে। ১৩-০১-২০১৯ হতে ২১-০১-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত পরীক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) বোর্ডের **Website: www.bteb.gov.bd** –এ পাওয়া যাবে।

## ১. পরীক্ষার্থীদের শ্রেণি বিন্যাস ঃ

**ক. দ্বাদশ শ্রেণী ঃ**

| | |
|---|---|
| ১.১ | নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৮ শিক্ষাবর্ষে এইচএসসি(ভোকেশনাল) শিক্ষাক্রমের দ্বাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী। |
| ১.২ | অনিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৭ সন অথবা এর পূর্বে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে এইচএসসি (ভোকেশনাল) ফাইনাল পরীক্ষায় যারা বিভিন্ন বিষয়/বিষয়সমূহে অকৃতকার্য হয়েছে। |

**খ. একাদশ শ্রেণী ঃ**

| | |
|---|---|
| ১.১ | নিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাদশ শ্রেণীতে অধ্যয়নরত সকল শিক্ষার্থী নিয়মিত। |
| ১.২ | অনিয়মিত পরীক্ষার্থী ঃ ২০১৮ সনের এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণী সমাপনী পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীগণ অনিয়মিত। |

## ২. পরীক্ষার্থীদের নিকট হতে আদায়যোগ্য ফি সমূহের হার ঃ

**১ম বর্ষ ও ২য় বর্ষ (নিয়মিত ও অনিয়মিত) পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি নিম্নরূপ হারে আদায় করতে হবে ঃ**

**ক. দ্বাদশ শ্রেণী ঃ**

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী | ৪০০/- (চারশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৭৫/- (পঁচাত্তর) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | সনদপত্র ফি (২য় বর্ষ) প্রতি পরীক্ষার্থী (ইতোপূর্বে ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করলে) | ১০০/- (একশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| ঘ. | ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী | ১২০/- (একশত কুড়ি) টাকা | বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- প্রাপ্য |
| ঙ. | কেন্দ্র ফি (২য় বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী | ৩৫০/- (তিনশত পঞ্চাশ) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | ১০০/- (একশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| জ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/- (তিনশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |

* ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত অর্থ হতে অনাভ্যন্তরীণ এবং অভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষকের পারিশ্রমিক প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ৩ ঘন্টার জন্য ১০ টাকা হারে এবং ২ ঘন্টার জন্য ৭.৫০ টাকা হারে পরিশোধ করতে হবে। অবশিষ্ট টাকা দরকারি কাঁচামাল ক্রয়ের জন্য ব্যয় করা যাবে।

* নিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর থেকে ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি বাবদ আদায়কৃত টাঃ ১২০/- (একশত বিশ) হতে বোর্ডের প্রাপ্য ৭০/- বাদ দিয়ে অবশিষ্ট টাঃ ৫০/- ইন্ডাষ্ট্রিয়াল এ্যাটাচমেন্টের সঙ্গে সম্পৃক্ত ব্যক্তিদের মধ্যে বোর্ডের নীতিমালা অনুযায়ী বন্টণযোগ্য।

* পরীক্ষার্থীর নিকট হতে কোনভাবেই নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি গ্রহন করা যাবেনা। এ বিষয়ে সুনির্দিষ্ট প্রমাণ পাওয়া গেলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যাপারে ব্যবস্থা গ্রহন করা হবে।

খ. একাদশ শ্রেণী ঃ

| ক্রম | বিবরণ | ফি এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ক. | পরীক্ষার ফি (১ম বর্ষ শ্রেণী ফাইনাল) প্রতি পরীক্ষার্থী | ৪০০/- (চারশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| খ. | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (১ম বর্ষ) প্রতি পরীক্ষার্থী | ৭৫/- (পঁচাত্তর) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |
| গ. | ইন্ডাস্ট্রিয়াল এ্যাটাচমেন্ট ফি (১ম বর্ষ বোর্ড সমাপনী) প্রতি পরীক্ষার্থী | ১২০/- (একশত কুড়ি) টাকা | বোর্ডের ৭০/- প্রতিষ্ঠান ৫০/- প্রাপ্য |
| ঘ. | কেন্দ্র ফি (১ম বর্ষ শ্রেণী ফাইনাল) প্রতি পরীক্ষার্থী | ৩৫০/- (তিনশত পঞ্চাশ) | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ঙ. | ব্যবহারিক কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী | ১০০/- (একশত) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| চ. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি বিষয়/প্রতি পরীক্ষার্থী | ২৫/- (পঁচিশ) টাকা | কেন্দ্র প্রাপ্য ১০০% |
| ছ. | সংযোগ রক্ষাকারী ফি | ৩০০/- (তিনশত) টাকা | বোর্ডের প্রাপ্য ১০০% |

* আদায়কৃত কেন্দ্র ফি ৩৫০/- টাকা, ব্যবহারিক কেন্দ্র ফি ১০০/-, ব্যবহারিক ফি প্রতি পরীক্ষার্থী প্রতি বিষয়ে ২৫/- টাকা হারে অর্থ প্রতিষ্ঠান পর্যায়ে পরীক্ষা সংক্রান্ত কাজে নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীদের মধ্যে বোর্ডের নীতিমালা অনুযায়ী বন্টনযোগ্য।

## ৩. শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক Print out কপি ও পরীক্ষার ফি জমা প্রদানের নিয়মাবলি ঃ

৩.১ Print out কপি অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে বোর্ডে পৌছাতে হবে।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্য যুক্ত Print out বা ব্যাংক ড্রাফট বিহীন Print out সরাসরি নাকচ করা হবে এবং তজ্জন্য বোর্ড দায়ী থাকবে না।

৩.৩ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি, সনদপত্রের ফি এবং বাস্তব প্রশিক্ষণ ফি (১২০/- টাকা থেকে বোর্ডের প্রাপ্য ৭০/- টাকা হিসেবে) সহ সর্বমোট টাকা ছকে বর্ণিত নির্ধারিত তারিখে সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোন শাখা হতে **সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড** অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে এবং তা নির্ধারিত তারিখে বোর্ডের বিএম শাখা কর্তৃক যাচাইপূর্বক হিসাব শাখায় জমা দিতে হবে। ব্যাংক ড্রাফটটি অবশ্যই সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরণি ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৩.৪ বোর্ড প্রদত্ত "হিসাব বিবরণী পত্র" (সংযুক্ত)-এ পরীক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত সমূদয় টাকার হিসাব (বোর্ডের প্রাপ্য অংশ) উল্লেখ করে ড্রাফট জমাকৃত রশিদসহ বিএম শাখা (১০ম তলায়) জমা দিতে হবে।

৩.৫ নগদ, মনি অর্ডার, চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে পাঠানো অর্থ গ্রহণ করা হবে না।

৩.৬ ব্যাংক ড্রাফট বাবদ প্রদানযোগ্য ব্যাংক কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৭ পরীক্ষার Print out বোর্ডে পাঠানোর পূর্বে প্রতিটি Print out এর প্রতি কলামের সংশ্লিষ্ট তথ্যাদির শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষিত নথিপত্রের সাথে অভিন্নতা যথাযথভাবে যাচাই করে ট্রেডভিত্তিক সাজিয়ে রেজিস্ট্রেশনের ক্রমানুসারে নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী পৃথক পৃথকভাবে রেখে দাখিল করতে হবে।

৩.৮ পরীক্ষার Print out ও সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্বঃ স্বঃ শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল শিক্ষক/কর্মচারীর মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যেই পাঠাতে হবে। শিক্ষক/কর্মচারীর ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

৩.৯ তাত্ত্বিক বিষয়ের একাদশ ও দ্বাদশ শ্রেনীর বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের শেষে কেন্দ্র সচিব ঐ দিনই হলুদ কাপড়ের মোড়কের ভেতর উত্তরপত্র সমূহ লিথোটপসহ সিলগালা করে বীমাকৃত পার্সেল ডাকযোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করবেন।

৩.১০ পরীক্ষা সংক্রান্ত সকল প্রকার যোগাযোগ নিম্নে বর্ণিত ঠিকানায় করতে হবে।

**বরাবর**
**পরীক্ষা নিয়ন্ত্রক**
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম), ১০তলা।

## ৪. অনলাইনে ফরম ফিলাপের তারিখ, ফি সহ প্রিন্ট আউট কপি বোর্ডে জমা, প্রবেশপত্র, উত্তরপত্র, পরীক্ষার কাগজপত্র গ্রহণ ও বিতরণ কর্মসূচী ঃ

| অনলাইনে ফরম ফিলাপের তারিখ | বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ | বিলম্ব ফি-সহ ফরম ফিলাপের তারিখ (প্রতি পরীক্ষার্থী ৩০০ টাকা) | বিলম্ব ফি সহ ফরম ফিলাপকৃত পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রিন্ট করার তারিখ | স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট করার সর্বশেষ তারিখ | DD সহ সকল প্রিন্ট আউট( FF ও TC/PC) একত্রে বোর্ডে জমার তারিখ | প্রবেশপত্র, উত্তরপত্র ও অন্যান্য ফরম বোর্ড থেকে গ্রহণ |
|---|---|---|---|---|---|---|
| ১৩/০১/১৯ হতে ২১/০১/১৯ | ২২/০১/২০১৯ | ২৩/০১/১৯ হতে ২৫/০১/১৯ | ২৬/০১/২০১৯ | ২৭/০১/২০১৯ | ০৭/০২/২০১৯ | ২৭/০২/২০১৯ |

কোন অবস্থাতেই ছকে বর্ণিত তারিখের ব্যত্যয় ঘটানো যাবে না। ব্যতিক্রম পরিলক্ষিত হলে বিলম্ব ফি ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের উপর ২৫০০/- জরিমানা ধার্য্যসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এ জন্য প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

## ৫. অন-লাইনে ধারাবাহিক (TC, PC) নম্বর প্রেরণ এবং হার্ড কপি বোর্ডে জমাদান ঃ

২০১৯ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) ১ম বর্ষ ও ২য় বর্ষ ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক (TC/PC)নম্বর স্ব-স্ব প্রতিষ্ঠানকে ০৮-০১-২০১৯ খ্রিঃ থেকে ১১-০১-২০১৯ খ্রিঃ তরিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করতে হবে। **প্রেরিত নম্বরের Print Preview দেখে নিশ্চিত হয়ে তার হার্ড কপি ১২-০১-২০১৯ তারিখে হতে প্রিন্ট করা যাবে এবং ১২-০১-২০১৯ তারিখের পূর্বের প্রিন্ট কোন ভাবেই গ্রহণযোগ্য হবে না।** উক্ত হার্ডকপি নিজ দায়িত্বে ব্যাংক ড্রাফট জমা দেওয়ার তারিখে জমা দিতে হবে। TC, PC ছাড়া ব্যাংক ড্রাফট জমা নেয়া হবে না। TC, PC-এর হার্ডকপি সমূহ বিষয় ভিত্তিক সাজিয়ে বহি আকারে বাধাইকরে জমা দিতে হবে।

* **কোন পরীক্ষার্থীর TC, PC -এর নম্বর নির্ধারিত সময়ে Online -এ প্রেরণ করা না হলে অথবা যেকোন ধরনের ভুলের কারণে অকৃতকার্য মার্কস এন্ট্রি হলে অথবা TC, PC তে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই ঐ পরীক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না।**
* তবে ধারাবাহিক নম্বর প্রেরণের সময় কোন পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়া না গেলে তাদের TC, PC নম্বর ম্যানুয়াল ফরমেটে দাখিল করতে হবে। অন-লাইনে পাঠানো TC, PC কপির হুবহু হার্ডকপি দাখিলযোগ্য করতে হবে এবং কোনরুপ ঘষামাজা, হাতে লেখা এবং উপরিলিখন গ্রহণযোগ্য নয়।
* হার্ড কপিতে অবশ্যই কেন্দ্র সচিব/প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, তারিখ ও সিল থাকতে হবে।

## ৬. উত্তরপত্রের লিথোর উপরের অংশে (Top Part) বৃত্ত ভরাটের ক্ষেত্রে করনীয়ঃ

৬.১ ঃ রেজিঃ কলামগুলো ১০(দশ) ঘরের (অংকের) থাকায় শিক্ষার্থীগণ ডান থেকে (একক স্থানীয় অংক) বৃত্ত (ঘর) ভরাট করবে এবং বাম দিকের খালি ঘরগুলো শূন্য দিয়ে ভরাট করবে। অনুরুপভাবে ৫(পাঁচ) ঘরের (অংকের) বিষয় কোডের সর্ব বামের ঘরটি ০(শূন্য) দিয়ে বৃত্ত ভরাট করবে।

৬.২ ঃ এ বিষয়ে সংশ্লিষ্ট শ্রেনী শিক্ষক ও বিভাগীয় প্রধানগণের সহযোগিতায় পরীক্ষার্থীদেরকে প্রশিক্ষণ দিতে হবে।

৬.৩ ঃ একটি নমুনা এই বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হল।

অনলাইন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় নির্দেশাবলী দেখে ফরম পূরণ করতে হবে। অনলাইনে ফরম পূরণ সংক্রান্ত কোন জটিলতা দেখা দিলে ০১৫৫০৬২০৬০৪, ০১৮৭৬৩৯৭১৩৮ নম্বরে যোগাযোগ করে তাৎক্ষণিক সমাধান করতে হবে।

স্বাক্ষরিত/-
(ড. সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩ (অফিস)

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৯.১৯.১৫৫(২৩) তারিখ ঃ ১৩-০১-২০১৯ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
২। মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।
৫। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৬। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭-৮। পরিদর্শক/পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। জেলা প্রশাসক------------------------------------------------------------------- সকল।
১০। উপজেলা নির্বাহী অফিসার,------------------------------------------------------ সকল।
১১। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। উপ-সচিব (প্রঃ)/উপ-সচিব (রেজিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩। কারিকুলাম বিশেষজ্ঞ (ভোক), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল)।
১৫। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭। মোঃ হাসান ঈমাম, সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮। ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯। অধ্যক্ষ-------------------------------------------------------------------।
২০। নিরাপত্তা কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২। নোটিশ বোর্ড।
২৩। সংশ্লিষ্ট নথি।

১৩/০১/২০১৯

(মোঃ সামসুল আলম)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১৩৩৪৬৫ (অফিস)

# হিসাব বিবরণী পত্র

(প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)

| প্রতিষ্ঠান কোড ঃ |
|---|

প্রতিষ্ঠানের নাম ঃ ................................................................................................................................

প্রতিষ্ঠানের ঠিকানা (ডাকঘর,উপজেলা ও জেলা) ঃ ...................................................................................

বরাবর
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএম) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয় ঃ ২০১৯ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ফরমপূরণের হিসাব বিবরণী প্রেরণ।**

## হিসাব বিবরণী ছক

| বর্ষ | পরীক্ষার্থীর ধরণ | পরীক্ষার্থীর সংখ্যা | পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী ৪০০/-) | নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থী ৭৫/-) | বাস্তব প্রশিক্ষণ ফি (প্রতি পরীক্ষার্থী ৭০/-) | সনদপত্র ফি (২য় বর্ষ) (প্রতি পরীক্ষার্থী ১০০/-) | বিলম্ব ফি (প্রতি পরীক্ষার্থী ৩০০/-) (প্রযোজ্য ক্ষেত্রে) | মোট প্রদেয় ফি (৩+৪+৫+৬+৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ম বর্ষ | ১ম বর্ষ (নিয়মিত) | | | | | | | |
| | ১ম বর্ষ (অনিয়মিত) | | | | | | | |
| ২য় বর্ষ | ২য় বর্ষ (নিয়মিত) | | | | | | | |
| | ২য় বর্ষ (অনিয়মিত) | | | | | | | |
| বিবিধ সংযোগ রক্ষা ফি সহ (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | | | | | |
| | | | | | | | | |
| সর্বমোট = (১ম বর্ষ+২য় বর্ষ+ বিবিধ) | | | | | | | | |

## ব্যাংক ড্রাফটের বিবরণ

| ক্রমিক নং | ব্যাংক ড্রাফটের নং | ব্যাংক ড্রাফটের তারিখ | টাকার পরিমাণ (অংকে) | সোনালী/সোস্যাল ইসলামি ব্যাংক শাখার নাম (প্রযোজ্য ক্ষেত্রে টিক দিন) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| ড্রাফটকৃত সর্বমোট টাকার পরিমাণ (অংকে) = | | | | |

**(বিশেষ দ্রষ্টব্য ঃ প্রতিটি ব্যাংক ড্রাফটের পিছনে অবশ্যই প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, সিল ও মোবাইল নম্বর থাকতে হবে।)**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | - | | | | | | |

প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর

______________________

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও পূর্ণ নামসহ সীল

## ১। শুদ্ধ করে বৃত্ত ভরাট করার নমুনা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

বর্ষ/পর্ব সমাপনী পরীক্ষা ২০১

608428484

এই বক্সের মধ্যে কোন দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

পরীক্ষার্থীর অংশ

অবশ্যই বল-পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে

| পরীক্ষা পর্ব/বর্ষ | কারিকুলাম কোড | ট্রেড/ স্পেশালাইজেশন/ টেকনোলজি | রোল-নম্বর | রেজিস্ট্রেশন নম্বর | সেশন | বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|
| ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম | | | | 0000762135 | | 01923 |

অতিরিক্ত খাতার সংখ্যা

① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧

এই দাগের নিচে পরীক্ষার্থীর কোন কিছু লেখা বা দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

তারিখ

(বিঃ দ্রঃ কোন প্রকার সীল মোহর দেয়া নিষিদ্ধ)

ইনভিজিলেটরের স্বাক্ষর

## ২। ভুল বৃত্ত ভরাট করার নমুনা

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

বর্ষ/পর্ব সমাপনী পরীক্ষা ২০১

608428486

এই বক্সের মধ্যে কোন দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

পরীক্ষার্থীর অংশ

অবশ্যই বল-পয়েন্ট কলম দিয়ে পূরণ করতে হবে

| পরীক্ষা পর্ব/বর্ষ | কারিকুলাম কোড | ট্রেড/ স্পেশালাইজেশন/ টেকনোলজি | রোল-নম্বর | রেজিস্ট্রেশন নম্বর | সেশন | বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|
| ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম | | | | 762135 | | 1923 |

অতিরিক্ত খাতার সংখ্যা

① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧

এই দাগের নিচে পরীক্ষার্থীর কোন কিছু লেখা বা দাগ দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ

তারিখ

(বিঃ দ্রঃ কোন প্রকার সীল মোহর দেয়া নিষিদ্ধ)

ইনভিজিলেটরের স্বাক্ষর